সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সুরক্ষা বলয় নিশ্চিত করেছে সরকার- ধর্ম উপদেষ্টা

ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেছেন, সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সুরক্ষা বলয় নিশ্চিত করেছে সরকার।

বুধবার চট্টগ্রাম হাউজ সম্মেলন কক্ষে সমাজসেবা অধিদপ্তর আয়োজিত সুদমুক্ত ক্ষুদ্রঋণ, প্রশিক্ষণার্থীদের সনদ ও অনুদান বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

ধর্ম উপদেষ্টা বলেন, সমাজসেবা অধিদপ্তর দেশের দুস্থ, এতিম ও অসহায় শিশু, প্রতিবন্ধী, কিশোর-কিশোরী, স্বামী পরিত্যক্ত নারী ও প্রবীণ ব্যক্তিদের জন্য নানাধরণের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। এ অধিদপ্তর বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধীদের জন্য ভাতা প্রদান করে থাকে। এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের ক্যাপিটেশন গ্রান্ট, শিক্ষা উপবৃত্তিসহ হিজড়া, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন বিশেষ ভাতা দিয়ে থাকে এই অধিদপ্তর। এছাড়া, চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কার্যক্রম, ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগীদের মাঝে আর্থিক সহায়তা, ভিক্ষাবৃত্তি নিরসনসহ দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করছে সরকারের এই দপ্তর।

ধর্ম উপদেষ্টা আরো বলেন, সামাজিক সেবার কলেবর বৃদ্ধি করতে সরকারি-বেসরকারি সংস্থাগুলোকে একযোগে কাজ করতে হবে। তিনি সমাজসেবামূলক কর্মকাণ্ডে সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানান।

জেলা প্রশাসক সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন জেলা সমাজসেবা কার্যালয় উপপরিচালক মো. ফরিদুল আলম। অন্যান্যের মধ্যে বিভাগীয় সমাজকল্যাণ ফেডারেশনের মহাসচিব হাফেজ মোহাম্মদ আমান উল্লাহ, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের প্রেসিডেন্ট সৈয়দ মোহাম্মদ মোরশেদ হোসেন বক্তৃতা করেন।